25-06-2017

বণিক বার্তা

হিলিতে ৪ লাখ টাকার চোরাই পণ্য জব্দ

বণিক বার্তা প্রতিনিধি ■ হিলি

দিনাজপুরের হাকিমপুরের হিলি সীমান্তে প্রায় ৪ লাখ টাকা মূল্যের চোরাই পণ্য জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। গতকাল সকালে হিলি সীমান্তের চেংগ্রাম ও মুহাড়াপাড়া এলাকায় অভিযান চালিয়ে এসব পণ্য জব্দ করা হয়। এ সময় চোরাই পথে পণ্য আনার অভিযোগে তিন ব্যক্তিকে আটক করা হয়।

আটককৃতরা হলেন— হাকিমপুর উপজেলার বুয়ালদাড় গ্রামের আব্দুল মান্নান সরদারের ছেলে মাহবুবুর রহমান (৪০), আকবর হোসেনের ছেলে মারফিদুল ইসলাম (৪০) ও বৈগ্রাম নামক গ্রামের ইদ্রিস আলীর ছেলে হাফিজুল ইসলাম।

হিলির বাসুদেবপুর বিজিবি ক্যাম্পের কমান্ডার সুবেদার মাহমুদ আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে গতকাল বিজিবির ডাঙ্গাপাড়া বিশেষ ক্যাম্পের একটি টহল দল চেংগ্রাম এলাকায় অভিযান চালিয়ে মোটরসাইকেল আরোহী মাহবুর ও হাফিজুলকে আটক করে। তাদের কাছ থেকে ২২ প্রকার ভারতীয় কসমেটিকস ও চকোলেট উদ্ধার করা হয়। এছাড়া গতকাল ভোরে সীমান্তের মুহাড়াপাড়া এলাকায় অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ৪৮টি ভারতীয় শাড়ি উদ্ধার করা হয়।

সকালের খবর

হিলিতে ভারতীয় পণ্যসহ আটক ৩

দিনাজপুরের হিলিতে চোরাচালানের মাধ্যমে ভারত থেকে দেশে আনা প্রায় ৪ লাখ টাকা মূল্যের ভারতীয় উন্নতমানের শাড়ি, প্রসাধনী সামগ্রী, লবণ ও চকোলেটসহ তিনজনকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। গতকাল সকাল ৯টায় হিলি সীমান্তের চেংগ্রাম এলাকায় অভিযান চালিয়ে মালামালসহ তাদের আটক করা হয়। আটককৃতরা হল—হাকিমপুর উপজেলার বুয়ালদাড় গ্রামের আবদুল মান্নান সরদারের ছেলে মাহবুবুর রহমান, একই উপজেলার বৈগ্রাম নামক গ্রামের ইদ্রিস আলীর ছেলে হাফিজুল ইসলাম ও বুয়ালদাড় গ্রামের আকবর হোসেনের ছেলে মারফিদুল ইসলাম। বিজিবি হিলির বাসুদেবপুর ক্যাম্প কমান্ডার সুবেদার মাহমুদ আলী জানান, সকালে সীমান্তের চেংগ্রাম এলাকায় মালামাল নিয়ে দুজনকে আসতে দেখে বিজিবি তাদের থামতে সঙ্কেত দেয়। সঙ্কেত পেয়ে তারা পালাতে শুরু করলে বিজিবি সদস্যরা ধাওয়া দিয়ে মোটরসাইকেলসহ মাহবুর ও হাফিজুলকে আটক করে। এ সময় তাদের কাছ থেকে ২২ ধরনের ভারতীয় বিভিন্ন ধরনের কসমেটিকস ও চকোলেট উদ্ধার করে। ওই সময় একই স্থান থেকে ১৮০ কেজি ভারতীয় লবণসহ ভ্যানচালক হাফিজুল ইসলামকে আটক করা হয়। অন্যদিকে বিজিবির বাসুদেবপুর ক্যাম্পের একটি টহল দল গতকাল ভোররাতে সীমান্তের মুহাড়াপাড়ায় অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ভারতীয় উন্নতমানের ৪৮ পিস শাড়ি উদ্ধার করে। উদ্ধার করা মালামালের মূল্য প্রায় ৩ লাখ ৮৮ হাজার ৮৭৪ টাকা। মালামালসহ আটককৃতদের হাকিমপুর থানায় সোপর্দ করা হয়েছে বলে তিনি জানান। হিলি সংবাদদাতা।